

# মুঞ্চর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হলেন সাবেক ছাত্রলীগ নেত্রী

অনলাইন ডেক্স

প্রকাশিত: ০২:৫৯, ৬ মে ২০২৫



ছবি: সংগৃহীত

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-তে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সহসভাপতি মৌমিতা রহমান জিন্সিতাকে আইন বিভাগের শিক্ষিকা



হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এই নিয়োগ নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া তৈরি হয়েছে।



মৌমিতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন-৪৫ ব্যাচের শিক্ষার্থী ছিলেন এবং ২০২২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহসভাপতি ছিলেন। তার বাবা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান ছিলেন। উল্লেখযোগ্য যে, জুলাই আন্দোলনে মিরপুরে বিইউপির শিক্ষার্থীদের নেতৃত্বে প্রথম আন্দোলন শুরু হয়, যেখানে বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী, মীর মুঢ় ও আইন বিভাগের জোবায়ের শহিদ হন।



মৌমিতার নিয়োগ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম এবং বিইউপি ক্যাম্পাসে নানা আলোচনা-সমালোচনা চলছে। ফেসবুকে এনসিপি নেতাসহ বিইউপির বর্তমান ও সাবেক শিক্ষার্থীরা তাদের প্রতিক্রিয়া জানিয়েছেন। এনসিপির সংগঠক ও বিইউপির সাবেক শিক্ষার্থী আবদুল্লাহ আল মনসুর এই ঘটনায় প্রতিবাদ জানানোর জন্য একটি ফেসবুক স্ট্যাটাস দেন, যেখানে তিনি উল্লেখ করেন, ৫ আগস্ট এ দেশের জনগণ রায় দিয়েছিল যে, এ দেশে কোনো লীগের অস্তিত্ব থাকবে না। তবে দুঃখের বিষয় হলো, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহসভাপতি মৌমিতা রহমান টক্সিতাকে বিইউপির আইন বিভাগের শিক্ষক হিসেবে পুনর্বাসন করা হয়েছে।

এসএফ